

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.৪৩.৪০.১৬.২৩৩


তারিখ : ০১/০৩/২০১৬ খ্রি.

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন দেশব্যাপী সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০১৬, আগামী ১৫ মার্চ হতে শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় দেশের সকল মাধ্যমিক বিদ্যালয়/মাদ্রাসা/কলেজ/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এর শিক্ষার্থীগণ অংশগ্রহণ করবে। উপজেলা, জেলা, ঢাকা মহানগর ও বিভাগীয় পর্যায়ে নিম্নোক্ত সময়সূচি অনুসারে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

ক্রঃ নং	পর্যায়	তারিখ
১.	উপজেলা	১৫, ১৬, ১৮, ১৯ মার্চ, ২০১৬
২.	জেলা	২২ মার্চ, ২০১৬
৩.	ঢাকা মহানগর	২৩ মার্চ, ২০১৬
৪.	বিভাগীয়	২৪ মার্চ, ২০১৬
৫.	জাতীয়	৩১ মার্চ, ২০১৬

সকল আঞ্চলিক উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে তার অধিক্ষেত্রের শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণসহ প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।



(প্রফেসর মোহাম্মদ শামছুল হুদা)
পরিচালক (প্রশিক্ষণ)

ও

সদস্য সচিব

জাতীয় স্টিয়ারিং কমিটি

সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৬

সংযুক্তি :

সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা ২০১৬ এ
অংশগ্রহণের আবেদনপত্রের নমুনা।

বিতরণ :

১. অধ্যক্ষ (সকল) .
২. আঞ্চলিক উপপরিচালক (সকল)
৩. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
৫. প্রধান শিক্ষক/সুপার (সকল)